বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

মাঘ ১৬, ১৪৩০

এফই সার্কুলার নং ০৩ তারিখ :------------------

জানুয়ারি ৩০, ২০২৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির আবেদনের সাথে এসোসিয়েশনের সনদপত্র দাখিল প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ২৮, তারিখ সেপ্টেম্বর ০৬, ২০২১; এফই সার্কুলার নম্বর ১২, তারিখ এপ্রিল ০৭, ২০১৬ ও এফই সার্কুলার নং ১২, তারিখ জুলাই ১৭, ২০১১ এবং পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রদান বিষয়ে সংশ্লিষ্ট এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিদ্যমান ব্যবস্থায় উপরোল্লিখিত সার্কুলারগুলোর নির্দেশনা অনুসারে পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির আবেদনের সাথে বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন/বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন-এর প্রত্যয়ন সনদপত্র দাখিলের আবশ্যকতা রয়েছে। এক্ষণে সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, আলোচ্য খাতে রপ্তানি ভর্তুকির আবেদনের সাথে উল্লিখিত এসোসিয়েশনের পাশাপাশি বাংলাদেশ জুট গুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজেজিইএ) কর্তৃক ইস্যুকৃত সনদপত্র (প্রচলিত পাটজাত পণ্যের ক্ষেত্রে এফই সার্কুলার নং ১২/২০১১-এর সংযোজনী-খ এবং বৈচিত্রকৃত পাটজাত পণ্যের ক্ষেত্রে এফই সার্কুলার নম্বর ১২/২০১৬-এর সংযোজনী-খ অনুসারে) গ্রহণযোগ্য হবে। বাংলাদেশ জুট গুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন তাদের সদস্যভুক্ত রপ্তানিকারক প্রতিষ্ঠানের অনুকূলে এ সার্কুলার জারির তারিখ থেকে পরবর্তী সাময়িকভাবে ২ (দুই) বছরের জন্য সনদপত্র ইস্যু করতে পারবে এবং বৈচিত্রকৃত পাটজাত পণ্যের ক্ষেত্রে সনদপত্র ইস্যুর সময় মূল্যমানের ভিত্তিতে পাটের ব্যবহার ন্যূনতম ৫০% হয়েছে মর্মে উক্ত এসোসিয়েশন নিশ্চিত করবে।

০৩। সার্কুলার জারির তারিখ থেকে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা কার্যকর হবে।

পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকি পরিশোধ সংশ্লিষ্ট সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩